গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

## বিষয় ঃ তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ রিয়াজ উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর।
আলোচ্য মাস ঃ অক্টোবর, ২০২১
তারিখ ঃ ০৮/১১/২০২১ খ্রিঃ।
সময় ঃ ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর তথ্য অধিকার শাখার ২৫/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ০৫.৫৫.২৭০০.০২৬.০১.০০৩.১৮-৫১ (১০৫) নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন ও জোরদারকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন, অনলাইন প্রশিক্ষণ এবং অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১) | তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণঃ তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় তথ্য অধিকার আইনের বিষয়ে প্রচার-প্রচারণা চালানোর উপর গুরুত্বারোপ করা হয়। উপজেলা পর্যায়ের সভাগুলোতে তথ্য অধিকার আইনের বিষয়টি আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত করে আলোচনার মাধ্যমে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি করা সম্ভব বলে মত প্রকাশ করা হয়। | ১) তথ্য অধিকার আইন বাস্তবায়নে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা পর্যায়ের সভাগুলোতে তথ্য অধিকার আইনের বিষয়টি আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২) | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়ঃ উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় প্রসঙ্গে বলা হয় যে, যে সকল সংস্থা এ ধরণের কাজ করে থাকে তাদের সাথে সমন্বয়ের মাধ্যমে এ আইন বাস্তবায়নে পুরোপুরি কার্যক্রম বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | ২) উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট প্রত্যেক দপ্তরে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২) উপজেলা পর্যায়ের সকল সরকারি/ বে-সরকারি দপ্তরের দপ্তর প্রধান। |
| ৩) | তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদানঃ তথ্য অধিকার আইন বাস্তবায়ন নিশ্চিতকল্পে আইন অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানে আবেদন করার বিষয়ে জনগণকে অবহিত করা এবং এ আইন সংক্রান্ত কোন বিরোধ দেখা দিলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা। এছাড়াও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে পুরোপুরিভাবে সহযোগিতার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) তথ্য অধিকার আইন বাস্তবায়ন নিশ্চিতকল্পে বিভিন্ন প্রতিষ্ঠানে আবেদন করার বিষয়ে জনগণকে অবহিত করা এবং এ আইন সংক্রান্ত কোন বিরোধ দেখা দিলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করে তথ্য কমিশনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) উপজেলা পর্যায়ের সকল সরকারি/ বে-সরকারি দপ্তরের দপ্তর প্রধান। |
| ৪) | নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণঃ নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে উপজেলা কমিটির মাধ্যমে নারীর সেবার ক্ষেত্রে হয়রানি কমিয়ে আনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে উপজেলা কমিটির মাধ্যমে নারীর সেবার ক্ষেত্রে হয়রানি কমিয়ে আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪) উপজেলা কমিটি। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫) | উপজেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তথ্য অধিকার আইন বাস্তবায়নে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণঃ উপজেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরে দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ পূর্বক তা বিল বোর্ডে লিখে স্ব-স্ব দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া যে সকল দপ্তরে এখনও দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়নি সে সকল দপ্তরে দ্রুত দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ পূর্বক অত্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হয় এবং নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তাকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে অনলাইন সংক্রান্ত কোন কর্মকর্তা সমস্যার সন্মুখীন হলে সহকারী প্রোগ্রামার এঁর নিকট হতে প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৫) ক) উপজেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরে দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ পূর্বক তা বিল বোর্ডে লিখে স্ব-স্ব দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) যে সকল দপ্তরে এখনও দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়নি সে সকল দপ্তরে দ্রুত দায়িত্বপ্রাপ্ত ও প্রতিকল্প কর্মকর্তা নিয়োগ পূর্বক অত্রাফিসকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) অনলাইন সংক্রান্ত কোন কর্মকর্তা সমস্যার সন্মুখীন হলে সহকারী প্রোগ্রামার এঁর নিকট হতে প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫) ক) উপজেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের দপ্তর প্রধান।<br>খ) উপজেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের দপ্তর প্রধান।<br>গ)সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৬) | তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনঃ তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ৬) তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬) উপজেলা কমিটির সদস্যবৃন্দ। |
| ৭) | উপজেলা সমন্বয় কমিটির সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে আলোচনাঃ তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন নিশ্চিতকরণের নিমিত্ত উপজেলা সমন্বয় কমিটির সভায় নিয়মিতভাবে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। | ৬) তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন নিশ্চিতকরণের নিমিত্ত উপজেলা সমন্বয় কমিটির সভায় নিয়মিতভাবে আলোচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ রিয়াজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
☏- ০২৫৮৮৮৭৮৪২৪
✉ঃ fulbariuno@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর
পোঃ কোঃ-৫২৬০
www.fulbaridinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৬৭.০০১.২১-১৭৭৫ (২৪)

তারিখ ঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৫। উপজেলা ........................................অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
৭। ......................................................................... ফুলবাড়ী, দিনাজপুর।

১১/১২/২০২১
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।